

১২/১১/১২/১৭ ২৯৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.jhalakathi.gov.bd

নম্বর-০৫.১০.৪২০০.০১০.০৪.০০৪.২৩-৮৩৬৬

তারিখ: ০৩ অগ্রহায়ণ ১৪৩০
২৬ নভেম্বর ২০২৩

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা ঝালকাঠি জেলার সকল প্রকার বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঝালকাঠি জেলা ম্যাজিস্ট্রেস হতে ঝালকাঠি সদর/নলছিটি/রাজাপুর/কাঠালিয়া উপজেলার সকল প্রকার বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্সসমূহ আগামী ৩.১২.২০২৩ তারিখ হতে ৩১-১২.২০২৩ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ঝালকাঠি এর জুডিসিয়াল মুন্সিখানা শাখা হতে ২০২৪ সালের জন্য নবায়ন করা হবে। নবায়ন কার্যক্রমের জন্য সরকার কর্তৃক নির্ধারিত লাইসেন্স এর নবায়ন ফি এবং ১৫% ভ্যাট পৃথক পৃথক ট্রেজারি চালান ফরম নং-৬ এর মাধ্যমে নির্ধারিত কোডে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা করে চালানোর মূল কপি নবায়নের সময় নবায়নকারী কর্তৃপক্ষ এর নিকট জমা দিতে হবে এবং সংশ্লিষ্ট আগ্নেয়াস্ত্র ও গুলি/কার্তুজ প্রদর্শন করতে হবে। আগ্নেয়াস্ত্র থানায় জমা থাকলে লাইসেন্সধারীকে লাইসেন্স নবায়নের সময় থানায় আগ্নেয়াস্ত্র জমার সংশ্লিষ্ট প্রমাণাদি প্রদর্শন করতে হবে। ট্রেজারি চালানে লাইসেন্সধারীর নাম, পিতার নাম, ঠিকানা, লাইসেন্স নম্বর, অস্ত্রের নম্বর সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে। উল্লেখ্য যে, লাইসেন্সধারীর বয়স ৮০ (আশি) বছরের উর্ধ্বে হলে লাইসেন্স নবায়নযোগ্য হবে না। বার্ষিক লাইসেন্স ফি ও ভ্যাটের হার নিচের ছকে প্রদান করা হলো:

আগ্নেয়াস্ত্রের ধরন	নবায়ন ফি এর বিবরণ	চালান কোড নং	ভ্যাট ১৫%	চালান কোড নং
পিস্তল/রিডলবার	১০,০০০/-	১-২২১১-০০০০-১৮৫৯	১,৫০০/-	১-১১৩৩-০০০১-০৩১১
বন্দুক/শটগান/রাইফেল	৫,০০০/-	১-২২১১-০০০০-১৮৫৯	৭৫০/-	১-১১৩৩-০০০১-০৩১১

ঝালকাঠি জেলার সকল বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণকে যথাসময়ে লাইসেন্স নবায়ন করার জন্য অনুরোধ করা হলো।

ফারাহুল ইসলাম
জেলা ম্যাজিস্ট্রেট
ঝালকাঠি
ফোন : ০২৪৭৮৮-৭৫৩০০
dcjhalakati@mopa.gov.bd

নম্বর-০৫.১০.৪২০০.০১০.০৪.০০৪.২৩-৮৩৬৬

তারিখ: ০৩ অগ্রহায়ণ ১৪৩০
২৬ নভেম্বর ২০২৩

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
- ৫। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল)।
- ৬। পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা.....(সকল)।
- ৭। অতিরিক্ত জেলা প্রশাসক, (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি/উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঝালকাঠি।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, ঝালকাঠি সদর/নলছিটি/রাজাপুর/কাঠালিয়া।(গণবিজ্ঞপ্তি তার উপজেলায় বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৯। জেলা তথ্য অফিসার, ঝালকাঠি। (উল্লিখিত গণবিজ্ঞপ্তিটি ঝালকাঠি জেলা সদরসহ সকল উপজেলায় মাইকযোগে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। অফিসার ইন-চার্জ, ঝালকাঠি সদর/নলছিটি/রাজাপুর/কাঠালিয়া থানা। (তার অধিক্ষেত্রস্থ আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণকে বিষয়টি অবহিত করানোসহ ইতিপূর্বে লাইসেন্সধারী কর্তৃক আগ্নেয়াস্ত্রের কোন প্রকার অপপ্রয়োগ করা হয়ে থাকলে বা আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারী কোনো ফৌজদারি মামলার সাজাপ্রাপ্ত আসামি বা কোন হত্যা, ধর্ষণ, নারী নির্যাতন ও মাদকদ্রব্য ইত্যাদি সংক্রান্ত অপরাধের চার্জসিটভুক্ত আসামি কি না এতদসংক্রান্ত প্রতিবেদন আগামী ২৯ নভেম্বর, ২০২৩ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ১১। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি: কোর্ট বিল্ডিং শাখা, ঝালকাঠি।(তার আওতাধীন সকল শাখায় বিষয়টি জানানোর জন্য অনুরোধ করা হলো)।
- ১২। সহকারী প্রোগ্রামার, ঝালকাঠি। (বর্ণিত পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

ফারাহুল ইসলাম
জেলা ম্যাজিস্ট্রেট